Mad. Code:- 16184

# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/বগুড়া-২৯৬/ ১০৫৪৬ তারিখঃ০৬/১০/২০১৬খ্রিঃ

বিষয় ঃ তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার সদর উপজেলাধীন শেখপাড়া ইসলামিয়া দাখিল মাদরাসার ভারপ্রাপ্ত সুপার মোঃ খোরশেদ আলম ও এডহক কমিটির সভাপতি মোঃ মতিউর রহমান এর বিরুদ্ধে জনৈক মোঃ আনিছার রহমানসহ কতিপয় ব্যক্তি একখানা অভিযোগ বোর্ডে দাখিল করেছেন। অভিযোগপত্রে ভারপ্রাপ্ত সুপার ও সভাপতির বিরুদ্ধে গোপনে নিয়মিত কমিটি গঠন, অর্থ আত্মসাৎসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে উল্লেখ করা হয়েছে (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি ঃ বর্ণনা মোতাবেক...৩... (তিন) পাতা।

০৬/১০/২০১৬
মোঃ নজমুল হুদা
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত)
ও
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন ঃ ৫৮৬১০২০২

উপজেলা নির্বাহী অফিসার
সদর, বগুড়া।

নং- বামাশিবো/প্রশা/বগুড়া-২৯৬/ ১০৫৪৬ তারিখঃ০৬/১০/২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি ঃ-

১. জেলা প্রশাসক, বগুড়া।
২. জেলা শিক্ষা অফিসার, বগুড়া।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, বগুড়া।
৪. সভাপতি, এডহক কমিটি, শেখপাড়া ইসলামিয়া দাখিল মাদরাসা, সদর, বগুড়া।
৫. সুপার/ভারপ্রাপ্ত সুপার, শেখপাড়া ইসলামিয়া দাখিল মাদরাসা, সদর, বগুড়া।
৬. জনাব মোঃ আনিছার/সেকেন্দার/নজরুল, সদর, বগুড়া।
৭. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন ঃ ৯৬৭৪৮৭৪

G:\Admin\Shujan\2016\10. October\06.10.2016\Bagura-296

বরাবর,

রেজিস্টার
বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষাবোর্ড
বক্‌শি বাজার, ঢাকা।

বিষয় ঃ বগুড়া সদর উপজেলাধীন শেখপাড়া ইসলামীয়া দাখিল মাদ্‌রাসার বিধিবহির্ভূত নিয়মিত ম্যানেজিং কমিটি অনুমোদন না করার অভিযোগ।

জনাব,

যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক আমরা নিম্নস্বাক্ষরকারীগণ অভিযোগ করছি যে, শেখপাড়া ইসলামীয়া দাখিল মাদ্‌রাসার নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন উপলক্ষে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, বগুড়া সদর হতে নির্বাচনী তপশীল ঘোষণা করেন (কপি সংযুক্ত)। উক্ত তপশীলে ০১/০৮/২০১৬ তারিখ হতে ০৩/০৮/২০১৬ তারিখ পর্যন্ত মাদ্‌রাসা চলাকালিন মনোনয়নপত্র বিতরণ ও জমা নেওয়ার তারিখ ধার্য্য ছিল। মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ ০৪/০৮/২০১৬ এবং মনোয়নপত্র প্রত্যাহারের তারিখ ছিল ০৭/০৮/২০১৩। নির্বাচন অনুষ্ঠানের তারিখ ছিল ১৮/০৮/২০১৬। কিন্তু বর্তমান ভারপ্রাপ্ত সুপার মোঃ খোরশেদ আলম ও এডহক কমিটির সভাপতি মোঃ মতিউর রহমানের যোগসাজশে তাদের মনোনিত ব্যক্তিগণকে সদস্য করে রাতের আঁধারে নির্বাচনের তারিখের পূর্বেই ১৪/০৮/২০১৬ তারিখে সদস্যদের নিয়ে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন করেন। আমরা জানতে পারি দাতা সদস্য হতে হলে ১৮০ দিন পূর্বে এককালিন ২০,০০০/-(বিশ হাজার) টাকা রশিদ মূলে মাদ্‌রাসার তহবিলে জমা দিতে হয়। কিন্তু সুপার ও এডহক কমিটির সভাপতি গত ৩/৮/২০১৬ তারিখে বহি নং ৩৮ ক্রমিক নং ১৮৫৪ রশিদ (কপি সংযুক্ত) মূলে ২০,০০০/-(বিশ হাজার) টাকা গ্রহণ করে নিয়ম বহির্ভূতভাবে দাতা সদস্য নির্বাচন করে নিয়মিত ম্যানেজিং কমিটির সদস্য হিসেবে নির্ধারণ করেন। তাছাড়া এডহক কমিটির সভাপতি মোঃ মতিউর রহমান ব্যাপক অনিয়মের মাধ্যমে জমি পত্তন ও অন্যান্য অনুদানের অর্থ ব্যাংক হিসাবে জমা না করে আত্মসাৎ করেছেন। খোঁজ নিয়ে দেখা যায়, ব্যাংকে হিসাবে কোন টাকা জমা নেই। ভোটার তালিকা সম্পর্কে কোন অভিভাবক বা ছাত্রছাত্রীদের জানানো হয়নি। মাদ্‌রাসার নোটিশ বোর্ডেও ঝুলানো হয়নি। অভিভাবক ভোটাররা ম্যানেজিং কমিটি গঠন সম্পর্কে জানেন না। ভারপ্রাপ্ত সুপার ও এডহক কমিটির সভাপতি মোঃ মতিউর রহমান যোগসাজশে ইচ্ছামত ভোটার তালিকা তৈরি করে শুধুমাত্র তাদের মনোনিত সদস্যদের নিয়ে একটি করে মনোনয়নপত্র উত্তোলন করে সিলেকশনের মাধ্যমে ম্যানেজিং কমিটি গঠন কার্যক্রম সম্পন্ন করেন। বর্তমানে উক্ত বিষয় নিয়ে এলাকায় চরম উত্তেজনার সৃষ্টি হয়েছে। যে কোন সময় আইন শৃঙ্খলার ব্যাপক অবনতি ও রক্তক্ষয়ী সংঘর্ষের সম্ভাবনা বিদ্যমান। যেহেতু সরকারী বিধি মোতাবেক ম্যানেজিং কমিটি গঠিত হয়নি সেহেতু মাদ্‌রাসাটিতে শিক্ষা কার্যক্রম সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশ অব্যাহত রাখার স্বার্থে বিতর্কিত ম্যানেজিং কমিটি অনুমোদন না দিয়ে পুনরায় এডহক কমিটি গঠনের আদেশ প্রদান করা আবশ্যক।

এমতাবস্থায়, হুজুর বাহাদুর অনুগ্রহপূর্বক ঐতিহ্যবাহী এই শিক্ষা প্রতিষ্ঠানটির ছাত্রছাত্রীদের লেখাপড়ার মান উন্নয়নকল্পে রাতের আঁধারে গঠিত ম্যানেজিং কমিটি অনুমোদন না দিয়ে পুনরায় এডহক কমিটি গঠনের আদেশ দানে মহোদয়ের মর্জি হয়। তাং ২৯/৮/২০১৬ ইং

নিবেদক
অভিভাবক ও এলাকাবাসীর পক্ষে

সংযুক্ত ঃ ২ (দুই) পাতা।

তারিখ ঃ

১। মো: [illegible] সাং: শেখপাড়া [illegible] ২০৪
২। মো: [illegible] সাং: শেখপাড়া
৩। নজরুল সাং শেখপাড়া [illegible] ২০১৬
৪। [illegible]
৫। মোঃ [illegible]
৬। মো: নজরুল ইসলাম শেখপাড়া
৭। আঃ [illegible] শেখপাড়া
৮। আ: [illegible] - শেখপাড়া
৯। [illegible] শেখপাড়া
১০। [illegible] শেখপাড়া

497076 Class Total = Amount 00.00

শেখপাড়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার উন্নয়ন কল্পে

রশিদ নং- ৬৮

**চাঁদা আদায়ের রসিদ**

ক্রমিক নং 1954

নাম- মোঃ নজমুল হোসেন

ঠিকানা- শেখপাড়া

বিবরণ- এককালীন দান মাদ্রাসার উন্নয়নকল্পে

চাঁদার পরিমাণ- ২০,০০০/=

কথায়- বিশ হাজার টাকা মাত্র।

তাং- ০৩/০৮/১৬

[signature]

মুদ্রণে : [illegible]

২০/০৭/২০১৬ইং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
বগুড়া সদর,বগুড়া।

তারিখ ঃ ২০/০৭/২০১৬খ্রিঃ

## শেখপাড়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের তফসিল ঃ

এই মর্মে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা নির্বাহী অফিসার,বগুড়া সদর, বগুড়া মহোদয়ের ২৭/০৬/২০১৬খ্রিঃ তারিখের স্মারক নং- ০৫.৫০.১০২০.০০০.০৬.০০১.২০১৬-৬১৯ মোতাবেক বগুড়া সদর উপজেলাধীন শেখপাড়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে প্রতিষ্ঠাতা সদস্য পদে ০১ জন, দাতা সদস্য পদে ০১ জন, সাধারণ অভিভাবক সদস্য পদে (দাখিল স্তর) ০৩জন, সাধারণ অভিভাবক সদস্য পদে(এবতেদায়ী স্তর) ০১জন, সংরক্ষিত মহিলা অভিভাবক সদস্য পদে ০১ জন, সাধারণ শিক্ষক প্রতিনিধি পদে (দাখিল স্তর) ০১ জন, সাধারণ শিক্ষক প্রতিনিধি পদে (এবতেদায়ী স্তর) ০১ জন ও সংরক্ষিত মহিলা শিক্ষক প্রতিনিধি পদে (দাখিল স্তর) ০১ জন নির্বাচনের লক্ষ্যে নিম্নে বর্ণিত তফসিল ঘোষণা করা হ'ল ঃ

| ক্র/নং | বিষয় | তারিখ ও সময় | স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | মনোনয়ন পত্র বিতরণ ও জমাদানের তারিখ | ০১/০৮/১৬, ০২/০৮/১৬ ও ০৩/০৮/১৬ইং<br>মাদ্রাসা চলাকালীন সময়<br>(সকাল-১০.০০টা হতে বিকাল- ৪.০০টা পর্যন্ত) | সুপার-এর কার্যালয় | |
| ২ | মনোনয়ন পত্র বাছাই | ০৪/৮/১৬ইং<br>সকাল- ১১.০০ টা | প্রিজাইডিং অফিসারের কার্যালয় | |
| ৩ | মনোনয়ন পত্র প্রত্যাহারের তারিখ | ০৭/০৮/১৬ইং<br>মাদ্রাসা চলাকালীন সময়<br>(সকাল- ১০.০০টা হতে বিকাল ৪.০০টা পর্যন্ত) | সুপার-এর কার্যালয় | |
| ৪ | নির্বাচন | ১৮/০৮/১৬ইং<br>রোজ- বৃহস্পতিবার<br>(সকাল-১০.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত) | মাদ্রাসা প্রাঙ্গণ | |

উল্লেখ্য, ৫ম ও ১০ম শ্রেণির শিক্ষার্থীর অভিভাবকগণ নির্বাচনে ভোট প্রদান করতে পারবেন, তবে নির্বাচনে প্রার্থী হতে পারবেন না।

২০/০৭/১৬
(মোঃ জিয়াউর রহমান)
উপজেলা একাডেমিক সুপারভাইজার
বগুড়া সদর, বগুড়া।
ও
প্রিজাইডিং অফিসার
শেখপাড়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার নিয়মিত ম্যানেজিং
কমিটি নির্বাচন- ২০১৬।
২০/০৭/১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হ'ল ঃ
১। জেলা প্রশাসক,বগুড়া।
২। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,বগুড়া সদর,বগুড়া।
৩। উপজেলা নির্বাহী অফিসার,বগুড়া সদর,বগুড়া।
৪। জেলা শিক্ষা অফিসার,বগুড়া।
৫। সুপার, শেখপাড়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা,বগুড়া সদর,বগুড়া।
৬। অফিস সংরক্ষণ নথি।